

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ইনস্টিটিউট অব মানেজমেন্ট (বিআইএম)
০৪, সোবহানবাগ, ঢাকা- ১২০৭।

স্মারক-৩৬.০৭.১৪.০৬.০১.০১.২০১৫/০৯৮(২৭২)

তারিখ : ০৫-০৭-২০১৮

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
ভবন নং-০৬
বাংলাদেশ সচিবালয়
রমনা, ঢাকা।

বিষয়: ৪-১৪ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য ইন্টেলেকচুয়াল প্রোপার্টি রাইটস-শীর্ষক প্রশিক্ষণে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

আপনি অবগত আছেন যে, শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান-বাংলাদেশ ইনস্টিটিউট অব মানেজমেন্ট (বিআইএম)-১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়ে অদ্যাবধি ব্যবস্থাপনার বিভিন্ন শাখায় দক্ষ ব্যবস্থাপক তৈরী করে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

০২। বর্তমান বিশ্বে ব্যবসায়িক ও অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে মেধাস্বত্ব সংরক্ষণ একটি অত্যাবশ্যকীয় উপাদান। এ বিষয়ে স্থানীয় পরিস্থিতি সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে ২০১৬-১৭ সালে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন শিল্প উন্নয়ন গবেষণা সমন্বয় সভার অর্থায়নে মেধাস্বত্ব সম্পর্কিত সচেতনতা ও উদ্ভাবনের সক্ষমতা বিষয়ে একটি গবেষণাকর্ম সম্পাদন করা হয়েছে। উক্ত গবেষণার ফলাফলে দেখা যায় যে, এ ক্ষেত্রে বাংলাদেশে স্টেইকহোল্ডারদের সচেতনতা স্তর ও কার্যক্রমের মাত্রা অত্যন্ত নগণ্য।


০৩। ইতিপূর্বে, ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অর্গানাইজেশন (ওয়াইপো)-এর সহযোগিতায় বাংলাদেশের প্রেক্ষাপটে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণপূর্বক মেধাস্বত্ব বিষয়ে একটি প্রশিক্ষণ প্রণয়ন করা হয়। যার প্রথম ব্যাচের প্রশিক্ষণ অক্টোবর, ২০১৫ মাসে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণান্তে প্রাপ্ত মূল্যায়ন ও সাম্প্রতিক গবেষণা লব্ধ ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণের বিষয়বস্তু ও কাঠামোতে প্রয়োজনীয় পরিমার্জন করে সেপ্টেম্বর, ২০১৭ মাসে ২য় ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে যাতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যবসায়িক সমিতির কর্মকর্তা, সশস্ত্র বাহিনীর সদস্য, বিশ্ববিদ্যালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুশদসদস্যবৃন্দ এবং আইনজীবীগণ অংশগ্রহণ করেছেন।

০৪। প্রশিক্ষণটির বিভিন্ন সেশন পরিচালনায় জন্য বিআইএম-এর অভ্যন্তরীণ প্রশিক্ষকের পাশাপাশি ডিপার্টমেন্ট অব পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক (ডিপিডি) ও কপিরাইট অফিস-এর উর্দ্ধতন কর্মকর্তা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ প্রশিক্ষকপূলে অন্তর্ভুক্ত রয়েছেন। ৩য় ব্যাচের প্রশিক্ষণটি আগামী ৪ ঠা আগস্ট, ২০১৮ তারিখে শুরু হতে যাচ্ছে।

০৫। উপরোল্লিখিত, মেধাস্বত্ব বিষয়ক প্রশিক্ষণের বিস্তারিত বিবরণ এ পত্রের সাথে সংযুক্ত করা হলো। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণ অংশগ্রহণ করার জন্য আপনার অধীনস্থ বিভাগ/ দপ্তর/ সংস্থা সমূহ হতে কর্মকর্তাবৃন্দকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি- ২ পৃষ্ঠা।

আপনারই একান্ত বিশ্বাস -



(মোহাম্মদ মাসুদুর রহমান)
ব্যবস্থাপনা উপদেষ্টা ও প্রশিক্ষণ
সমন্বয়কারী, বিআইএম।

যোগাযোগ: ০১৮১৯-২৩১২১৯,